"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০২.২৩-৪৩৭

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

## জরুরী বিজ্ঞপ্তি

**বিষয়: রাজকীয় সৌদি সরকার কর্তৃক সৌদি পর্বের মিনার ক্যাটাগরিভিত্তিক সেবা মূল্য বাংলাদেশসহ বিশ্বের অন্যান্য দেশের জন্য হ্রাস করায় সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় হজ প্যাকেজ সংশোধন এবং হজযাত্রী নিবন্ধন সংক্রান্ত।**

সরকারি ব্যবস্থাপনা এবং বেসরকারি ব্যবস্থাপনার হিজরি ১৪৪৪/২০২৩ সনের হজের জন্য ঘোষিত প্যাকেজে অন্তর্ভুক্ত মিনার ৪টি (A, B, C, D) ক্যাটাগরির সেবার মূল্য বাংলাদেশসহ বিশ্বের অন্যান্য দেশের জন্য রাজকীয় সৌদি সরকার কর্তৃক নিম্নোক্ত ছকে বর্ণিত হিসাব অনুযায়ী কমানো হয়েছে:

| বিবরণ | প্যাকেজ-A (সৌ.রি.) | প্যাকেজ-B (সৌ.রি.) | প্যাকেজ-C (সৌ.রি.) | প্যাকেজ-D (সৌ.রি.) |
|---|---|---|---|---|
| পূর্ব মূল্য (ক) | ১০২৪৭.৬৫ | ৭৯১২.০০ | ৫৬৫৮.০০ | ৪৭৯৫.০০ |
| বর্তমান মূল্য (খ) | ৯৮৩৪.৬৫ | ৭৪৯৯.০০ | ৫২৪৫.০০ | ৪৩৮২.৫০ |
| হ্রাস (ক-খ) | ৪১৩.০০ সৌ.রি. | ৪১৩.০০ সৌ.রি. | ৪১৩.০০ সৌ.রি. | ৪১২.৫ সৌ.রি. |
| | | | | ১ সৌদি রিয়াল=২৮.৩৯ টাকা |

০২। সরকারি ব্যবস্থাপনায় যেহেতু মিনার তাঁবু "সি" ক্যাটাগরি ধরে প্যাকেজ নির্ধারণ করা হয়েছে, সেহেতু সরকারি প্যাকেজ মূল্য ৪১৩ সৌ. রি. সমপরিমাণ ৪১৩×২৮.৩৯=১১,৭২৫.০০ (এগার হাজার সাতশত পঁচিশ) টাকা কমানো হলো। সেক্ষেত্রে সরকারি ব্যবস্থাপনায় বর্তমান হজ প্যাকেজ মূল্য (৬,৮৩,০১৫.০০-১১,৭২৫.০০)=৬,৭১,২৯০.০০ **(ছয় লক্ষ একাত্তর হাজার দুইশত নব্বই)** টাকা নির্ধারণ করা হলো।

০৩। হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)ও যেহেতু মিনার তাঁবু 'সি' ক্যাটাগরি ধরে প্যাকেজ নির্ধারণ করেছে, সেহেতু বেসরকারি এজেন্সির ক্ষেত্রেও অনুরূপ পরিমাণ অর্থ কমানোর জন্য হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)-কে অনুরোধ করা হলো। এক্ষেত্রে, বেসরকারি ব্যবস্থাপনায় বর্তমান হজ প্যাকেজ মূল্য (৬,৭২,৬১৮.০০-১১,৭২৫.০০)=৬,৬০,৮৯৩.০০ **(ছয় লক্ষ ষাট হাজার আটশত তিরানব্বই)** টাকায় নির্ধারিত হবে।

০৪। যে সব হজ এজেন্সি মিনার তাঁবুর অন্যান্য ক্যাটাগরি ধরে প্যাকেজ নির্ধারণ করেছে তাদেরকেও সংশ্লিষ্ট ক্যাটাগরির হ্রাসকৃত মূল্যে প্যাকেজ নির্ধারণ করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে জমা প্রদান করতে হবে।

০৫। প্যাকেজ মূল্য হ্রাস পাওয়ায় এবং সম্মানিত হজযাত্রীদের বয়সসীমা না থাকায় অনেক হজযাত্রী নতুন করে হজে যাওয়ার জন্য আগ্রহ প্রকাশ করায় পরিবর্তিত প্যাকেজে নিবন্ধনের সময়সীমা আগামী ২৭ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

০৬। নিবন্ধনের জন্য সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধনের ক্রমিক উন্মুক্ত থাকবে।

০৭। কোটা পূর্ণ হওয়ার সাথে সাথে নিবন্ধন সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

০৮। আগামী ২৭ মার্চ ২০২৩ তারিখে হজ কার্যক্রম পরিচালনাকারী সকল ব্যাংককে অফিস সময়ের পরেও প্রস্তুতকৃত ভাউচারসমূহের অর্থ পরিশোধ না হওয়া পর্যন্ত ব্যাংকের শাখাসমূহ খোলা রাখার জন্য অনুরোধ করা হলো।

০৯। আগামী ২৫ মার্চ ২০২৩ তারিখ হজ কার্যক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট সকল ব্যাংকের শাখাসমূহ খোলা রাখার জন্য বাংলাদেশ ব্যাংককে অনুরোধ করা হয়েছে।

১০। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২২.০৩.২০২৩
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৮
মোবাইল: +৮৮০১৭ ২০ ২০ ৯৫ ৯৯
e-mail:morahajsection@gmail.com

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা (হজ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে ২৫.০৩.২০২৩ তারিখ খোলা রাখা এবং ২৭.০৩.২০২৩ তারিখ অফিস সময়ের পরেও প্রস্তুতকৃত ভাউচারসমূহের অর্থ পরিশোধ না হওয়া পর্যন্ত ব্যাংকের শাখাসমূহ খোলা রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩. সিনিয়র সচিব/সচিব...........................................................................মন্ত্রণালয়/বিভাগ
৪. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস,গুলশান, ঢাকা
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৬. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা
৭. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা
৮. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/মহাপরিচালক, এনএসআই, ঢাকা
৯. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা/মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১০. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
১১. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
১২. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন/হজ/সংস্থা ও আইন/বাজেট ও অনুদান), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা
১৫. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, সচিবালয় লিঙ্করোড, ঢাকা
১৬. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১৭. প্রকল্প পরিচালক, এক্সেস টু ইনফরমেশন (a2i), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
১৮. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি., প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
১৯. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
২০. যুগ্মসচিব (সকল) ................................ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
২২. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব
২৩. পরিচালক (প্রশাসন)/পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা